



নিরাপত্তার অজুহাতে ভূখণ্ড দখল করছে ইসরায়েল: তুরস্ক



তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান। ছবি: রয়টার্স

২০২৩ সালের ৭ অক্টোবর হামাসের আন্তঃসীমান্ত হামলার পর গাজায় যুদ্ধ শুরুর পর থেকেই তুরস্ক ও ইসরায়েলের সম্পর্ক ক্রমেই তীব্র হয়ে উঠছে। এ প্রেক্ষাপটে তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান অভিযোগ করেছেন, ইসরায়েল নিজেদের নিরাপত্তার যুক্তিকে সামনে এনে প্রকৃতপক্ষে ভূখণ্ড সম্প্রসারণের পথে হাঁটছে। শনিবার আন্টালিয়া ডিপ্লোম্যাসি ফোরামে বক্তব্য দিতে গিয়ে তিনি বলেন, ইসরায়েলের বর্তমান নীতি শুধুমাত্র নিরাপত্তা নিশ্চিত করার মধ্যে সীমাবদ্ধ নয়; বরং এর আড়ালে নতুন এলাকা দখলের প্রবণতা স্পষ্ট। তিনি ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সরকারের সমালোচনা করে দাবি করেন, নিরাপত্তার প্রশ্নকে ব্যবহার করা হচ্ছে রাজনৈতিক ও ভৌগোলিক লক্ষ্য অর্জনের হাতিয়ার হিসেবে।

ফিদানের মতে, আন্তর্জাতিক অঙ্গনে এমন একটি ধারণা তৈরি করা হয়েছে যেন ইসরায়েল কেবল আত্মরক্ষার অবস্থানে রয়েছে। কিন্তু বাস্তবে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ ভিন্ন চিত্রই তুলে ধরছে। তার ভাষায়, বিষয়টি এখন শুধু নিরাপত্তার সীমায় নেই, বরং এটি বিস্তৃত আঞ্চলিক কৌশলের অংশ হয়ে উঠেছে। তিনি আরও বলেন, ফিলিস্তিনি ভূখণ্ড—গাজা, পশ্চিম তীর ও পূর্ব জেরুজালেম—ছাড়িয়ে এই নীতি এখন লেবানন ও সিরিয়ার দিকেও বিস্তৃত হচ্ছে, যা দীর্ঘমেয়াদে অঞ্চলের স্থিতিশীলতার জন্য উদ্বেগজনক।

পরিস্থিতির অবসান জরুরি উল্লেখ করে ফিদান বলেন, টেকসই শান্তি প্রতিষ্ঠার একমাত্র পথ হলো পারস্পরিক সম্মান ও সার্বভৌমত্বের প্রতি শ্রদ্ধা দেখানো। অন্য দেশের ভূখণ্ডে শক্তি প্রয়োগ নয়, বরং তাদের স্বাধীনতা ও নিরাপত্তাকে স্বীকৃতি দেওয়ার মধ্যেই স্থিতিশীলতা নিশ্চিত করা সম্ভব।